

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু, জানাযা, দুআ, যিকর ইত্যাদি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. কবর যিয়ারতের ফ্যীলত

কবর যিয়ারত করা একটি সুন্নাত নির্দেশিত নফল ইবাদত। রাসূলুল্লাহ (ﷺ) নিজে মাঝে মাঝে কবর যিয়ারত করতেন। এছাড়া তিনি আখেরাতের স্মরণ, মৃত্যুর স্মরণ ও মৃতব্যক্তির সালাম ও দোয়ার জন্য কবর যিয়ারত করতে উম্মাতকে অনুমতি ও উৎসাহ দিয়েছেন।

এ সাধারণ সাওয়াব ছাড়া যিয়ারতের বিশেষ সাওয়াবের বিষয়ে কিছু জাল হাদীস প্রচলিত আছে। যেমন: "যদি কোনো ব্যক্তি তার পিতা, মাতা, ফুফু, খালা বা কোনো আত্মীয়ের কবর যিয়ারত করে তবে তার জন্য একটি মাবরূর হজ্জের সাওয়াব লিখা হবে....।"

ফুটনোট

- [1] বুখারী, আস-সহীহ ১/৪৩০; মুসলিম, আস-সহীহ ১/২১৮, ২/৬৬৯-৬৭২, ৩/১৫৬৩।
- [2] ইবনুল জাওয়ী, আল-মাউদূ'আত ২/৪১৩-৪১৪; সুয়ূতী, আল-লাআলী ২/৪৪০; ইবনু আর্রাক, তানযীহ ২/৩৬৩; শাওকানী, আল-ফাওয়াইদ ১/৩৪৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4975

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন